

কৃষি বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা

সমন্বিতঃ ২৭শে জুন
(নিজস্ব সংবাদপত্রের ফোন)
— আজ দুপুরে উদ্ভেজনা কৃষ্টির
পরিপ্রেক্ষিতে কৃষি বিশ্ববিদ্যালয়
অনিদিষ্ট কালের জন্যে বন্ধ ঘোষণা
করা হয় এবং বিকেল ৬টার মধ্যে
ছাত্রদের হল ভ্যাগের নির্দেশ
দেয়া হয়। এ রিপোর্ট লেখা
পর্যন্ত অধিকাংশ ছাত্র-ছাত্রী হল
ভ্যাগ করেনি। বিশ্ববিদ্যালয়ের
একাডেমিক কাউন্সিলের জরুরী
সভা সন্ধ্যায় শুরু হয়েছে। সর্বশেষ
খবর পাওয়া পর্যন্ত সভা চলছিল।
বিশ্ববিদ্যালয় বন্ধের ঘোষণা স্বগিত
রাখার জন্যে ছাত্র একা পরিষদ
তিসাইপি গেট হাউসের সামনে
বিক্ষোভ প্রদর্শন করছে এবং
উপাচার্যকে ছাত্ররা ঘেরাও করে
রেখেছে। বিশ্ববিদ্যালয় এলাকায়
অতিরিক্ত পুলিশ মোতায়েন করা
হয়েছে। এব্যাপারে খোঁজ নেয়ার
জন্যে উপাচার্যের সাথে যোগা-
যোগের চেষ্টা করেও যোগাযোগ
করা সম্ভব হয়নি।

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট অধিবেশনে সরকার, রাজনৈতিক
দল ও অভিভাবকদের প্রতি উপাচার্য আশ্রয়ের আহ্বান

ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ বজায় রাখতে সহায়তা করুন

(বিশ্ববিদ্যালয় সংবাদপত্র)
ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপা-
চার্য অধ্যাপক আবদুল মান্নান
ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ বজায়
রাখার জন্য সর্বতোভাবে সমর্থন-
অস্বার্থীদের বিরুদ্ধে
প্রশাসনিক ব্যবস্থা
নেয়ার উদ্যোগ

(বিশ্ববিদ্যালয় সংবাদপত্র)
ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবস্থান-
রত অস্বার্থীদের বিরুদ্ধে প্রশাস-
নিক ব্যবস্থা গ্রহণের উদ্যোগ
নেয়া হচ্ছে।

দান এবং এর বিরুদ্ধে যেকোন
অপপ্রয়াসকে দৃঢ়তার সাথে প্রতি-
হত করতে ছাত্রছাত্রী ও অভি-
ভাবকদের প্রতি আহ্বান জানি-
য়েছেন।

তিনি সরকার, রাজনৈতিক দল
এবং শুভবুদ্ধিসম্পন্ন সকল নাগ-
রিকের প্রতিও একান্ত এগিয়ে
আসার আবেদন জানিয়েছেন।

উপাচার্য বলেছেন, গণতন্ত্র
চর্চার সুদীর্ঘ ঐতিহাসমণ্ডিত ঢাকা
বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে
নতপার্থক্য থাকা স্বাভাবিক, তবে
সমত প্রকাশের পথ গণতান্ত্রিক ও
অহিংস হওয়া বাঞ্ছনীয়। তিনি
দৃঃ প্রকাশ করে বলেন, হাতে-
গোনা কিছু ছাত্র নাও নাওই
বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কার্য-
ক্রমে বাধার সৃষ্টি করে।

বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সিনে-
টের তৃতীয় বার্ষিক অধি-
বেশনে ভাষণ দেয়ার সময় উপা-
চার্য এসব কথা বলেন। এই
অধিবেশন গতকাল শনিবার থেকে
শুরু হয়েছে।

উপাচার্যের ভাষণশেষে গত
৭ই জুন থেকে গতকাল পর্যন্ত
জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্র
লীগের (মু-না) মধ্যকার বিরো-
ধকে কেন্দ্র করে ক্যাম্পাসে উদ্ভূত
পরিস্থিতি বর্ণনার সময় উপ-
উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন
আহমেদ বলেন, ৪/৫টি ছাত্র
সংগঠনের হাতে অস্ত্র রয়েছে
বলে জানাদের জানা আছে এবং
অস্বার্থীদের বিরুদ্ধে প্রয়োজনীয়
ব্যবস্থা নেয়া হবে।

(৭-এর পাতায় দেখুন)

সংসদে শিক্ষামন্ত্রীর বিবৃতি বিশ্ববিদ্যালয় পরিস্থিতি শান্ত। নির্ধারিত পরীক্ষা অনুষ্ঠিত

শিক্ষামন্ত্রী সাহাবুর রহমান
বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়
ক্যাম্পাসের পরিস্থিতি শান্ত রয়েছে
এবং সকল ক্লাস ও নির্ধারিত
পরীক্ষাসমূহও স্বাভাবিক অনুষ্ঠিত
হয়েছে। খবর বাসস'র।

শিক্ষামন্ত্রী গতকাল শনিবার
জাতীয় সংসদে এক বিবৃতিতে
(শেষ পৃ: ৪-এর ক: ৪:)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা স্থগিত

(বিশ্ববিদ্যালয় সংবাদপত্র)
ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোর্স
পদ্ধতির অধীনে অন্তেষ ৩য় বর্ষ
(সম্মান) ও শেষ বর্ষের সকল
পরীক্ষা আগামী ২৪ জুলাই
পর্যন্ত স্থগিত রাখা হয়েছে।
স্থগিত পরীক্ষাগুলোর নতুন
তারিখ শিগগিরই ঘোষণা করা
হবে এবং পরীক্ষাগুলোর বাকী
সময়সূচী অপরিবর্তিত থাকবে
বলে সংশ্লিষ্ট স্থানে বলা হয়েছে।